



স্মারক নং-২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৯.২৫৫(২)

তারিখ : ২১/০১/২০২১ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ একক পদ্ধতিতে (Single Process) নিবন্ধন প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবসা সহজিকরণ (Ease of Doing Business) ও উদ্যোক্তাগণের ব্যবসা আরম্ভকরণ (Starting a Business)-কে সহজ করার উদ্দেশ্যে নিবন্ধন প্রক্রিয়ায় কতিপয় সংস্কারমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

২। বিদ্যমান নিবন্ধন প্রক্রিয়ায় নামের ছাড়পত্র গ্রহণ, নিবন্ধনের আবেদন ও ফিস প্রদান এই তিনটি পদ্ধতির কার্যক্রম পৃথক পৃথক ভাবে না হয়ে একটি পদ্ধতিতে সম্পন্ন হবে। একক পদ্ধতিতে নিবন্ধন প্রক্রিয়া নিম্নরূপঃ

- ক) একক পদ্ধতিতে নিবন্ধন (Single Process Registration) প্রক্রিয়ায় কোম্পানি নিবন্ধন করার জন্য আবেদনকারী আরজেএসসি অনলাইন সিস্টেমে নাম সার্চের মাধ্যমে তার প্রস্তাবিত নামে বা সাদৃশ্যপূর্ণ/সমোচ্চারিত নামে ইতোমধ্যে অন্য কোন প্রতিষ্ঠান নিবন্ধিত আছে কি-না তা যাচাই করে নিতে পারবেন।
- খ) আবেদনকারী নিবন্ধনের জন্য প্রস্তাবিত কোম্পানির নাম, উদ্যোক্তাগণের বিবরণ, সংস্কারক ও সংজ্ঞাবিধি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদিসহ অনলাইনে নির্ধারিত ফরম পূরণ করবেন। প্রস্তাবিত নামটি নিবন্ধনযোগ্য কিনা অনলাইন সিস্টেমে তৎক্ষণাৎ যাচাই করে ফলাফল প্রদান করবে। প্রস্তাবিত নামটি নিবন্ধনযোগ্য না হলে নাম পরিবর্তন কিংবা নাম প্রাপ্তির জন্য রিভিউ আবেদন করে নামের প্রাপ্যতা নিশ্চিত করা যাবে।
- গ) কোম্পানির নাম প্রাপ্তি নিশ্চিত হলে সংশ্লিষ্ট কাগজপত্রাদি (সংস্কারক ও সংজ্ঞাবিধির সাবস্ক্রাইবার পাতা ও ফরম- ix) স্ক্যানপূর্বক আপলোড করতে হবে। অতঃপর অনলাইন আবেদন ফরম চূড়ান্তভাবে দাখিল করলে নিবন্ধন ফি জমা প্রদান সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।
- ঘ) নির্ধারিত ব্যাংকের যেকোনো শাখায় নিবন্ধন ফি জমা দেওয়া যাবে। এছাড়া সিটি ব্যাংক লিমিটেডের Online Payment Gateway ব্যবহার করে Visa, Master, Amex Card এর মাধ্যমেও ফি প্রদান করা যাবে।
- ঙ) নাম প্রাপ্তি নিশ্চিত হওয়ার পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে অনলাইন ফরম চূড়ান্তভাবে দাখিল ও ফি প্রদান সম্পন্ন করতে হবে।
- চ) দাখিলকৃত ডকুমেন্টস ও ফি সঠিকভাবে পাওয়া গেলে কোম্পানি নিবন্ধন প্রদান করতঃ ইলেকট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, ফরম-১২ ও সংস্কারক ও সংজ্ঞাবিধির সার্টিফাইড কপি আবেদনকারীর ই-মেইলে প্রেরণ করা হবে।

৩। আগামী ১ ফেব্রুয়ারি ২০২১ থেকে এটি কার্যকর হবে।

  
১৯.১.২০২১

(মোঃ মকবুল হোসেন)

নিবন্ধক (অতিরিক্ত সচিব)

ফোন (অফিস): +৮৮ ০২৮১৮৯৪০১

ফ্যাক্স: +৮৮ ০২৮১৮৯৪০২

registrar@roc.gov.bd

বিতরণ (অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।

২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)।

৩। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সহকারী প্রোগ্রামার, আরজেএসসি (ওয়েবসাইটে ও আবেদন দাখিল ওয়েব পেইজে প্রকাশের জন্য)।

৫। অফিস কপি।